

Visit of Prime Minister of India to Bangladesh

March 16, 2021

প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর

মার্চ 16, 2021

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৬ ও ২৭শে মার্চ বাংলাদেশ সফর করবেন।

এই সফরের সঙ্গে তিনটি ঐতিহাসিক প্রেক্ষাপট যুক্ত রয়েছে – শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী – মুজিব বর্ষ; ভারত ও বাংলাদেশের মধ্যে কূটনৈতিক সম্পর্কের সুবর্ণ জয়ন্তী এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্বর্ণম বর্ষ। ২০১৫ সালে প্রধানমন্ত্রী শেখবার বাংলাদেশ সফর করেছিলেন।

এবারের সফরে শ্রী মোদী ২৬শে মার্চ বাংলাদেশের জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এই অনুষ্ঠান ছাড়াও শ্রী মোদী প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করবেন। প্রধানমন্ত্রী, বাংলাদেশের রাষ্ট্রপতি মিঃ মহম্মদ আব্দুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করবেন। এছাড়াও, বাংলাদেশের বিদেশ মন্ত্রী ডঃ এ কে আব্দুল মোমেন প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন।

কোভিড মহামারীর পর প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর হবে প্রথম কোনও বিদেশ যাত্রা। এর মধ্য দিয়ে বাংলাদেশের প্রতি ভারতের সম্পর্কের গুরুত্ব প্রতিফলিত হয়।

নিউ দিল্লি

মার্চ 16, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.